

Times Today BD

কাওসার আহমেদ | ক্যাম্পাস | 19 April, 2025

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) সঙ্গে তুরস্কের আঙ্কারা ইয়েলদেরেম বায়েজিদ () বিশ্ববিদ্যালয়ের সমঝোতা স্বাক্ষর () স্বাক্ষরিত হয়েছে।

এ উপলক্ষে শুক্রবার ১৯ এপ্রিল ২০২৫ আঙ্কারা ইয়েলদেরেম বায়েজিদ বিশ্ববিদ্যালয়ে আয়োজিত অনুষ্ঠানে নোবিপ্রবির পক্ষে এমওইউতে স্বাক্ষর করেন উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল। অন্যদিকে আঙ্কারা ইয়েলদেরেম বায়েজিদ বিশ্ববিদ্যালয়ের পক্ষে স্বাক্ষর করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস রেक्टर অধ্যাপক ড. আব্দুল্লাহ ইয়েলদিস। অনুষ্ঠানে অন্যান্যের মাঝে ইয়েলদেরেম বায়েজিদ বিশ্ববিদ্যালয়ের দুইজন ভাইস রেक्टरসহ অন্যান্য শিক্ষকবৃন্দ উপস্থিত ছিলেন। শেষে নোবিপ্রবি উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল ওই বিশ্ববিদ্যালয়ের ল্যাব, ক্লাসরুম ও গবেষণা কার্যক্রম পরিদর্শন করেন।

স্বাক্ষরিত এ সমঝোতা স্বাক্ষর () এর আওতায় উভয় বিশ্ববিদ্যালয়ের মধ্যে স্টুডেন্ট ও ফ্যাকাল্টি একচেঞ্জ, আন্ডার গ্র্যাজুয়েট ও গ্র্যাজুয়েট শিক্ষার্থী একচেঞ্জ, এমএস ও পিএইচডি শিক্ষার্থী জয়েন্ট সুপারভিশন, এনার্জি টেকনোলজি ও ইঞ্জিনিয়ারিং একচেঞ্জ, একাডেমিক ও ইনফরমেশন ম্যাটেরিয়ালস একচেঞ্জ, যৌথ গবেষণা ও কনফারেন্স চালু এবং ভাষা কোর্স চালুর সুবিধাসমূহ রয়েছে।

তুরস্ক সমঝোতা স্বাক্ষর

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 17:01

URL: <https://www.timestodaybd.com/campus/1081477796>